

২০২২

বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উভয় যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ‘যোগাযোগ’ উপন্যাসে যোগের থেকে অযোগের কাহিনি প্রাধান্য লাভ করেছে। কাহিনি বিশ্লেষণ করে এই অযোগ কেন হয়েছে তার সমর্থনে যুক্তি দাও। ১০

অথবা,

- (খ) শ্যামাসুন্দরী মধুসুন্দনের এত কাছের অথচ কুমুদিনী অধরা। শ্যামাসুন্দরী অসমানের অনুরাগকে মেনে নিয়েছে কিন্তু কুমুদিনী ব্যক্তিসম্ভাবকে গুরুত্ব দিয়েছে। —এই ভাবনার আলোকে কুমুদিনী চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (গ) ‘দেনাপাওনা’ শরৎচন্দ্রের সমাজ ও নারী ভাবনার অন্যতম দলিল। — বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসে নির্মল-হৈম উপকাহিনির সার্থকতা বিচার করো। ১০

- ২। (ক) আঞ্চলিক উপন্যাস হিসাবে ‘পদ্মানন্দীর মাবি’-কে চিহ্নিত করা যায় কি? — আলোচনা করো। ১০

অথবা,

- (খ) “কেতুপুরের মানুষের জীবনযাপনে হোসেন মিয়া জড়িয়ে আছে নিয়তির মতোই।” — উদ্ধৃতির আলোকে হোসেন মিয়া চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (গ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের প্রেক্ষাপট মুন্ডা স্বাধীনতা সংগ্রাম। — বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (ঘ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের উপসংহার অংশের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ১০

- ৩। (ক) 'ল্যাবরেটরি' গল্পে রবীন্দ্রনাথ সোহিনীর জীবনধারণার মাধ্যমে তার সংস্কারমুক্ত চির আধুনিক মন ও বিশ্বাসকে ব্যক্ত করেছেন।
— এই মতকে তুমি সমর্থন করো কি? যুক্তিসহ বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) পদ্মবুড়ির জীবনের রোজনামচায় 'প্লাবনকাল' কেবলমাত্র ভাদ্র মাসের অকালবর্যগে নয় — তা চৈত্র থেকে বৈশাখ কিংবা বৈশাখ থেকে চৈত্র একই কালপর্বে প্রবাহিত। — এই প্রবাহকে সুচিত্রা ভট্টাচার্যের কলম কীভাবে চিত্রায়িত করেছে তা আলোচনা করো। ১০

- ৪। (ক) "ঘা খাওয়া বংশ, ঘা খাওয়া নেকড়ে বাঘের মত বড় ভয়ঙ্কর।" — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি বিশ্লেষণ করো। ৫

অথবা,

- (খ) "এমন কিছু আছে যা ছেলের জন্যেও খোওয়ানো যায় না।" — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য লেখো। ৫

অথবা,

- (গ) "আমরা ক'বর ছোটজাত ভূমিজ তোমাকেই মা বলে জেনেছি, যেখানেই যাও আমরা সঙ্গে যাব। কিন্তু যাবার আগে একবার জানিয়ে দিয়ে যাবে।" — প্রসঙ্গ নির্দেশ করে উদ্ভৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

অথবা,

- (ঘ) "আমার যা কিছু কল্পনা, যত কিছু আনন্দের ভাবনা সে তো কেবল তাদের নিয়েই, তাদের দেখেই তো আমি সেই ষোড়শী আর নেই।" — প্রসঙ্গ উল্লেখপূর্বক উদ্ভৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

- ৫। (ক) "আঁধার রাইতে আশমান জমিন

ফারাক কইব্য থোও
বেন্ধু কত ঘুমাইবা"

- এই গানটিকে 'পদ্মানন্দীর মাঝি' উপন্যাসের ধ্রুবপদ বলা যায় কি? যুক্তিসহ আলোচনা করো। ৫

অথবা,

- (খ) "গরিবের মধ্যে যে গরিব, ছেটোলোকের মধ্যে আরো বেশি ছেটোলোক, এমনভাবে তাকে বষ্ঠিত করিবার অধিকারটা তাই প্রথার মতো সামাজিক ও ধর্ম সম্পর্কীয় দশটি নিয়মের মতো, অসংকোচে গ্রহণ করিয়াছে।" — প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য লেখো। ৫

অথবা,

- (গ) "জঙ্গলে যাস, জঙ্গলে বাজনা শুনিস না মা? পাতায় পাতায় বাজনা বাজে শুনে শিখেছি।" — বক্তব্যটি কার? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য লেখো। ১+৪

অথবা,

- (ঘ) "তুই-‘তুই’ বলছ কেন? মুণ্ডারা মানুষ নয়? সাহেব দেখলে ‘আপনি’ বল, বেনে দেখলে ‘তুমি’ বল, মুণ্ডা দেখলে ‘তুই’ বল?" — কার উক্তি? কাকে বলেছে? উক্তির মধ্যে যে আত্মপ্রত্যয় তা বিশ্লেষণ করো। ১+১+৩

৬। (ক) “প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়।”— প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।

১+৪

অথবা,

(খ) “স্ত্রী হইয়াছে আজকালকার লোকের যেন মহাগুরুর সেবা, একটির নিপাতেই সে সম্পর্কে আর কাহাকেও যেন গ্রহণ করা যাইতে পারে না।”— প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটি বিশ্লেষণ করো।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

(ক) ‘যোগাযোগ’ উপন্যাসের শ্যামাসুন্দরী চরিত্রটির ভূমিকা সংক্ষেপে ব্যক্ত করো।

(খ) ‘দেনাপাওনা’ উপন্যাসের সাগর চরিত্রটির অবস্থান আলোচনা করো।

(গ) ‘পদ্মানন্দীর মাঝি’ উপন্যাসের কুবেরের আর যারা মাছ ধরার সাথী ছিল তাদের পরিচয় দাও।

(ঘ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে ব্যবহৃত অস্তত তিনটি গানের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) “তারা দেখছে শুধু কতকগুলি সাদা সাদা ফসিল; তাতে আজকের এই এত লাল রঞ্জের দাগ নেই।”— প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) সুন্দরবন থেকে ঘোষালরা স্থানান্তরিত হয়ে কোথায় বসবাস শুরু করে?

অথবা,

“আজ আমার সন্দেহ গেল” — একথা কে বলেছিল?

(খ) ভূষণ রায় কে?

অথবা,

“আমার সমস্ত ভার তুমি নাও অলকা” — একথা কে কাকে বলেছিল?

(গ) কুমু-মধুসুন্দনের বিবাহের দিনে মধুসুন্দন কীসের টেলিগ্রাফ পায়?

অথবা,

জনশ্রুতিতে জনার্দন রায়ের সমস্ত টাকা কার?

(ঘ) হাবলু-র পরিচয় দাও।

অথবা,

তারাদাস চক্রবর্তির পিতার নাম কী?

(ঙ) আমিনুদ্দিনের সঙ্গে কার নিকা হয়েছিল?

অথবা,

‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি রচনায় লেখিকা কোন গ্রন্থের কাছে ঝণ স্থীকার করেছেন?

(চ) 'পদ্মানন্দীর মাঝি' উপন্যাসের প্রথম প্রকাশকাল লেখো।

অথবা,

'দামিন-ই-কো' বলতে কী বোঝো ?

(ছ) সোনাখালি থেকে মোহনপুর পর্যন্ত পথটির নাম কী ?

অথবা,

জাংলা কানুন কোথায় কোথায় চালু করা হয়েছিল ?

(জ) চালান বাবুর পরিচয় কী ?

অথবা,

বিরসাইতদের প্রথম সভা কোথায় হয়েছিল ?

(ঘ) "পুরুষ মানুষের অতটা বাড়াবাড়ি ভাল নয়" — উক্তিটি কার ?

(ঞ) 'একরাত্রি' গল্পটি কেন পত্রিকায় প্রকাশিত হয় ?

(ট) "যেন দেবতা স্বয়ং নিজের বলির পশু বাছিয়া লইয়া আসিয়াছে।" — কার সম্পর্কে বলা হয়েছে ?

(ঠ) "বালাক সিন্দুর শোভিত উষা" — কার সম্পর্কে বলা হয়েছে ?

(ড) "বাড়ি থেকে পালিয়ে যাচ্ছ না তো ?" — বক্তা কে ? কাকে প্রশ্নটি করা হয়েছে ?

(ঢ) অঞ্জনগড়ের রত্নগভ থেকে কী কী খনিজ পাওয়া গিয়েছিল ?

(ণ) সীতেশ কত নম্বর ট্রাম ধরে কৃষ্ণার বাড়ি আসে ?
